



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

আইন -১

www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০১.২৪.১০০

তারিখ: ২৪ মাঘ ১৪৩০

০৭ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ২৭/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২৭/২০২৪-এর ০৮/০১/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লালমনিরহাট জেলার ইউনিয়ন পরিষদসমূহে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে মুক্তিযোদ্ধা কোটা ও অন্যান্য কোটা বজায় না রেখে উক্ত পদে নিয়োগপত্র ইস্যু করা হয়। মুক্তিযোদ্ধা কোটা ও অন্যান্য কোটা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রাপ্য কোটা সংরক্ষণসহ আবেদনকারীগণকে উক্ত পদে নিয়োগের প্রার্থনার্থে জনাব মোছাঃ সাজেদা আক্তার ও এ. এইচ. এম আসাদুজ্জামান বিভাগীয় কমিশনার, রংপুর বরাবর আবেদন করেন। উক্ত আবেদন নিষ্পত্তি না করা এবং নিয়োগপত্র ইস্যুর বিষয়ে পিটিশনারগণ সংস্কৃত হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ২৭/২০২৪ দায়ের করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, বিভাগীয় কমিশনার, রংপুর-কে ২নং এবং জেলা প্রশাসক, লালমনিরহাট-কে ৩নং প্রতিপক্ষসহ মোট চারজনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২৭/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8404/potrojariAttachmentRef/52807/0/2240)

১৬-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০১.২৪.১০০/১(৬)

তারিখ: ২৪ মাঘ ১৪৩০

০৭ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৬-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)